**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date 19-08-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য সরকার ঘোষিত শ্রমশ্রী প্রকল্পের সমালোচনা করেছে বিজেপি।

২) বিজেপি জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল প্রকাশের বিষয়ে রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে।

৩) দন্ত চিকিৎসার স্নাতক স্তরের পাঠক্রমে কাউন্সেলিং ও ভর্তি অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখা হয়েছে। এই সিদ্ধান্তের সমালোচনা করেছেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

৪) দেউচা পাচামি কয়লা খনি প্রকল্প নিয়ে রাজ্য সরকার মিথ্যাচার করছে বলে অভিযোগ তুলে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়েছে।

৫) ভোটের এক বছর আগে নির্বাচন কমিশন বুথ লেভেল এজেন্টদের তথ্য জানতে চাওয়ার প্রতিবাদে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে তৃণমূল কংগ্রেস।

৬) স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা। উত্তরবঙ্গের বেশ কিছু জেলায় রয়েছে হলুদ সতর্কতা।

---

পরিযায়ী শ্রমিকদের জন্য রাজ্য সরকার ঘোষিত নতুন প্রকল্প শ্রমশ্রীর সমালোচনা করেছে বিজেপি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কটাক্ষ করে বলেছেন, মাসে ৫ হাজার ভাতা পেয়ে পরিযায়ী শ্রমিকদের বিশেষ কোনো সুবিধা হবে না।

বাইট শুভেন্দু পরিযায়ী

আগেই জানানো হয়েছে, পশ্চিমবঙ্গের যে সব পরিযায়ী শ্রমিক রাজ্যে ফিরছেন, তাদের সহায়তায় এই প্রকল্পের কথা ঘোষণা করে সরকার। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে নবান্নে গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এসংক্রান্ত একটি প্রস্তাব গৃহীত হয়। পরে এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী জানান, যেসব পরিযায়ী শ্রমিক ইতিমধ্যেই ফিরে এসেছেন বা আগামীদিনে ফিরবেন, তাদের এক বছর পর্যন্ত মাসে পাঁচ হাজার টাকা করে ভাতা দেওয়া হবে। এছাড়াও খাদ্যসাথী, স্বাস্থ্যসাথী ও জব কার্ডের সুবিধাও পাবেন তারা।

--------------------

বিজেপি জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল প্রকাশের বিষয়ে রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি বিধায়কদের এক প্রতিনিধি দল গতকাল রাজ্যপালের কাছে ডেপুটেশন দিয়ে এই আর্জি জানান। পরে এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা বলেন, রাজ্যে সার্বিক শিক্ষা ব্যবস্থা বিপন্ন।

তিন মাস আগে উচ্চমাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ হলেও সরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে উচ্চশিক্ষায় ভর্তির প্রক্রিয়া এখনও চালু হয়নি। প্রকাশিত হয়নি জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলও। এর ফলে পাঁচ লক্ষ ছাত্রছাত্রী ক্ষতিগ্রস্ত হচ্ছে।

চলতি সপ্তাহের মধ্যে মুখ্যমন্ত্রী সমস্যার সমাধান না করলে আগামী সপ্তাহে অভিভাবক ও শিক্ষাবিদদের নিয়ে বিজেপি বিকাশভবনের সামনে ধর্ণা দেবে বলে শুভেন্দু বাবু জানিয়েছেন।

---------------------

দন্ত চিকিৎসার স্নাতক স্তরের পাঠক্রমে কাউন্সেলিং ও ভর্তি অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখা হয়েছে। রাজ্যের স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা গতকাল এক নির্দেশিকায় জানিয়েছে, ওয়েস্টবেঙ্গল নিট ইউজি মেডিকেল অ্যান্ড ডেন্টাল কোর্সের স্নাতক স্তরের চলতি বছরের কাউন্সিলিং ও ভর্তি প্রক্রিয়া পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে। ওবিসি সংক্রান্ত মামলার জটিলতার জেরেই এই নির্দেশ বলে সূত্রের খবর।

এদিকে, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এই সিদ্ধান্তের জন্য রাজ্য সরকারের কড়া সমালোচনা করেছেন। যথাযথ কারণ ছাড়াই এই ধরনের পদক্ষেপে শিক্ষার্থীদের ভবিষ্যত্ অনিশ্চিত হয়ে পড়ছে বলে তার অভিযোগ। সংকীর্ন রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করতেই এই ধরনের সিদ্ধান্ত কিনা তা নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি।

---------------------

দেউচা পাচামি কয়লা খনি প্রকল্প নিয়ে রাজ্য সরকার মিথ্যাচার করছে বলে অভিযোগ তুলে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। মামলাকারীর দাবি, কয়লা খনির নামে আসলে সেখানে ব্যাসল্ট উত্তোলন করা হচ্ছে। এলাকার আদিবাসী তপশিলি জাতি উপজাতির জমি অধিগ্রহণ করে প্রকল্পের কাজ  শুরু হলেও এখনো প্রতিশ্রুতি মত ক্ষতিপূরণ ও পরিবার পিছু একজনের চাকরির ব্যাবস্থা করেনি রাজ্য। ৫ হাজার পরিবারের মধ্যে থেকে শাসক দল ঘনিষ্ঠ ১৩০০ জনের পুলিশের চাকরি হয়েছে বলে অভিযোগ। এই প্রকল্পে বিপুল টাকার দুর্নীতি চলছে বলেও আবেদনে জানানো হয়েছে। ঘটনার বিচারবিভাগীয় তদন্তের আবেদন জানিয়েছেন মামলাকারী। আগামী বৃহস্পতিবার মামলার পরবর্তী শুনানি হতে পারে।

---------------------

রাজ্যে ১০০ দিনের কাজ প্রকল্প ফের চালু করা নিয়ে কলকাতা হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে কেন্দ্রীয় সরকার সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে। কলকাতা হাইকোর্ট গত পয়লা অগস্ট থেকে রাজ্যে এই প্রকল্প ফের শুরু করার নির্দেশ দিয়েছিল। কেন্দ্রের অভিযোগ, ১০০ দিনের কাজ নিয়ে এরাজ্যে যথেষ্ট দুর্নীতি হয়েছে। পাশাপাশি এ বিষয়ে তাদের আরো বক্তব্য রয়েছে। চলতি সপ্তাহেই মামলার শুনানির সম্ভাবনা।

এদিকে, এই মামলার পরিপ্রেক্ষিতে তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী বলেছেন, বাংলার মানুষকে বঞ্চিত রাখতেই ১-শো দিনের কাজ প্রকল্প নিয়ে কেন্দ্রের বিজেপি সরকার সুপ্রিম কোর্টে গিয়েছে।

--------------------

জল জীবন মিশন প্রকল্পে বকেয়া টাকার দাবিতে গতকাল জল শক্তি মন্ত্রী সি আর পাতিলের সঙ্গে তৃণমূল কংগ্রেসের সাংসদদের এক প্রতিনিধি দল সাক্ষাত্‍ করে। আধ ঘন্টার এই বৈঠকে তৃণমূল সাংসদরা জানিয়েছেন, ২০২৪-২৫ অর্থবর্ষে এই প্রকল্পে এরাজ্যের জন্য বাজেট ধরা হয়েছিল ৫ হাজার কোটি টাকার বেশি। এখনও পর্যন্ত তাতে বরাদ্দ হয়েছে এর অর্ধেক। অবিলম্বে প্রাপ্য প্রায় আড়াই হাজার কোটি দেওয়ার দাবি জানান তারা।

--------------------

কেন্দ্র টাকা না দেওয়ায় ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ এগোচ্ছে না বলে রাজ্য গতকাল কলকাতা হাইকোর্টে জানিয়েছে। যতটুকু কাজ হয়েছে তার পুরোটাই রাজ্যের অর্থে বলে এসংক্রান্ত এক জনস্বার্থ মামলার শুনানিতে রাজ্যের তরফে আদালতে জানানো হয়। দুই বিচারপতি সুজয় পাল ও স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ ২ সপ্তাহের মধ্যে

কেন্দ্রকে এই মামলার পক্ষ হিসেবে যুক্ত করার নির্দেশ দিয়েছেন রাজ্য ও মামলাকারীকে। চার সপ্তাহের পর মামলার শুনানি।

---------------------

রাজ্য সরকার, পূর্ব মেদিনীপুরের তাজপুরে গভীর সমুদ্র বন্দর তৈরির বরাত বাতিল করে নতুন সংস্থার কাছ থেকে প্রস্তাব চেয়ে বিজ্ঞপ্তি জারির সিদ্ধান্ত নিয়েছে। মন্ত্রিসভার শিল্প, পরিকাঠামো ও কর্মসংস্থান সংক্রান্ত স্থায়ী কমিটির বৈঠকে গতকাল স্থির হয়েছে, খুব শীঘ্রই পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগম নতুন করে এবিষয়ে বিজ্ঞপ্তি জারি করবে। ইতোমধ্যেই সেই প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।পুজোর আগেই নতুন কোনও সংস্থাকে বন্দর তৈরির দায়িত্ব দেওয়ার চেষ্টা করা হচ্ছে।

উল্লেখ্য, রাজ্য সরকার ২০২২ সালে আদানি গোষ্ঠীকে তাজপুর বন্দর তৈরির বরাত দিয়েছিল। কিন্তু আড়াই বছরেরও বেশি কেটে গেলেও কাজ শুরু হয়নি। এর মধ্যেই ২০২৩ সালে হিন্ডেনবার্গের রিপোর্টে শেয়ার বাজারে কারচুপির অভিযোগ ওঠে ঐ গোষ্ঠীর বিরুদ্ধে। এরপর থেকেই প্রকল্পের বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়ে।

---------------------

নদীয়ার কল্যানী এইমস হাসপাতাল কতৃপক্ষ মানসিক চিকিৎসা পরিষেবা দেওয়ার নামে এন আর সি র ওপর সমীক্ষা করছে বলে রাজ্য সরকার অভিযোগ করেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল নবান্নে এক সাংবাদিক বৈঠকে বলেন, ভোটার তালিকা থেকে নাম বাদ দেওয়ার জন্য এই পদক্ষেপ। এব্যাপারে সকলকে সতর্ক থাকার আবেদন জানান তিনি।

(বাইট – মমতা)

এদিকে, মানসিক স্বাস্থ্য সমীক্ষার কাজের সঙ্গে এন আর সি-র কোন সম্পর্ক নেই বলে কল্যাণীর এইমস স্পষ্ট জানিয়েছে। গতকাল এক প্রেস বিবৃতিতে প্রতিষ্ঠানের তরফে জানানো হয়, বেঙ্গালুরুর ন্যাশনাল ইন্সটিটিউট অফ হেলথ অ্যান্ড নিউরো সায়েন্স এর সঙ্গে যৌথ উদ্যোগে রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরের সহযোগিতায় সাতটি জেলায় দ্বিতীয় ধাপে এই কাজ চলছে। সম্পূর্ন বিজ্ঞানভিত্তিক এই সমীক্ষা বিশ্ব স্বাস্থ্য সংস্থার তরফেও স্বীকৃতি পেয়েছে।

অন্যদিকে নিজেদের স্বার্থেই রাজ্য সরকার পশ্চিমবঙ্গে এসআইআর-এর বিরোধিতা করছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ফের অভিযোগ করেছেন।

(বাইট – শুভেন্দু)

প্রবীণ কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী বলেছেন, বৈধ ভোটারের অধিকার যাতে কেড়ে নেওয়া না হয়, সেজন্য আন্দোলনে নেমেছেন রাহুল গান্ধী। মমতা ব্যানার্জী তা মানতে পারছেন না বলেই কমিশনের বিরুদ্ধে সরব হয়েছেন।

(বাইট - অধীর)

---------------------

ভোটের এক বছর আগে নির্বাচন কমিশন বুথ লেভেল এজেন্টদের তথ্য জানতে চাওয়ার প্রতিবাদে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে তৃণমূল কংগ্রেস। যদিও মামলার দ্রুত শুনানি চাইলে বিচারপতি অমৃতা সিনহা তা খারিজ করে দেন।

উল্লেখ্য, রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন কর্মসূচী – এসআইআর-এর তোড়জোড় শুরু হয়েছে। জেলাশাসকেরা নির্বাচন কমিশনের নির্দেশ মতো বুথ লেভেল এজেন্টদের নাম জানতে চেয়ে রাজনৈতিক দলগুলিকে নোটিশ পাঠাতে শুরু

করেছে। যে কাজ সাধারণত ভোটের ৭ দিন আগে করা হয়, তা প্রায় ১ বছর আগে কেন করা হচ্ছে, সেই প্রশ্ন তুলে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে।

---------------------

কলকাতার স্টুডেন্টস হেলথ হোম কবি সুকান্ত ভট্টাচার্যের জন্ম শতবার্ষিকী উদযাপনে বর্ষব্যাপী নানা কর্মসূচি নিয়েছে। গত শনিবার কবির জন্মদিনে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে তাঁকে শ্রদ্ধা জানানো হয়। প্রায় ৪০ জন চিকিৎসক সহ দেড় শতাধিক মানুষ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। কিশোর কবির স্মরণে তাঁর নানা সৃষ্টিকে তুলে ধরা হয়। কবির প্রতি শ্রদ্ধা জানিয়ে হোমের সেমিনার হলের নামকরন করা হয়েছে ছাড়পত্র। বিশিষ্ট চিকিৎসক ডাঃ অপূর্ব মুখোপাধ্যায় ওই কক্ষের আনুষ্ঠানিক সূচনা করেন। শতবর্ষ পূর্তিতে বর্ষব্যাপী নানা কর্মসূচি চলবে বলে স্টুডেন্ট হেলথ হোমের সম্পাদক ডাক্তার পবিত্র গোস্বামী জানিয়েছেন।

---------------------

আসন্ন পুজোর মরশুমে ডেঙ্গু মোকাবিলায় কলকাতা পুরসভা একাধিক পদক্ষেপ নিচ্ছে। ডেপুটি মেয়র অতীন ঘোষ জানিয়েছেন, পুজো প্যান্ডেলে ব্যবহৃত বাঁশের মুখে যাতে জল না জমে, সেজন্য সেগুলি কাপড় দিয়ে বেধে দেওয়া হবে। পুরসভার তরফে মোট ৭ টি ওয়ার্ডকে ডেঙ্গু প্রবণ এলাকা বলে চিহ্নিত করা হয়েছে। এখনও পর্যন্ত শহরে প্রায় ৩০০ জন ডেঙ্গু আক্রান্তের হদিশ মিলেছে। সম্প্রতি ডেঙ্গুতে প্রাণহানির ঘটনার পর পুরসভা কড়া নজরদারি চালাচ্ছে বলে তিনি জানান।

চলতি বছরে অতিরিক্ত বৃষ্টির কারণে সংক্রামক রোগের প্রকোপ বেড়েছে। তাই পুরসভার পক্ষ থেকে বাড়ি বাড়ি গিয়ে সচেতন করা হবে। শহরের প্রতিটি জায়গা স্বচ্ছ

রাখার ব্যবস্থা করবে পুরকর্মীরা। জ্বর হলেই পুর স্বাস্থ্য কেন্দ্রে রক্ত পরীক্ষা এবং চিকিৎসকের পরামর্শ মেনে চলার বার্তা দিয়েছেন ডেপুটি মেয়র।

---------------------

স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে আজ কলকাতা সহ উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলি, নদিয়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া এবং ঝাড়গ্রাম জেলায় বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি কালিম্পং কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় রয়েছে হলুদ সর্তকতা।

এদিকে, পশ্চিম মধ্য এবং উত্তর-পূর্ব বঙ্গোপসাগরে তৈরি নিম্নচাপটি গতকালই সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়। তবে এর কোন প্রত্যক্ষ প্রভাব এ রাজ্যের স্থলভাগের ওপর পড়বে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

--------------------- ---------------------